



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শারীরিক শিক্ষা শাখা
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.২৯.২৮.২০১৫/৬০৬৩

তারিখ : ২২ এপ্রিল ২০২৬খ্রি.

বিষয় : ৩৫তম রিফ্রেশার্স কোর্স এ অংশগ্রহণের জন্য গুগল লিংক-এ আবেদন প্রেরণ।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের শারীরিক শিক্ষা বিভাগের তত্ত্বাবধানে বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ট্রীডা সমিতির উদ্যোগে মাধ্যমিক স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শারীরিক শিক্ষার শিক্ষক/শিক্ষিকাগণের জন্য ৩৫তম রিফ্রেশার্স কোর্স আয়োজন করা হয়েছে। উক্ত কোর্স আগামী ০৮/০৫/২০২৬ খ্রি. থেকে ১৪/০৫/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত ০৭ (সাত) দিন চট্টগ্রাম সরকারি শারীরিক শিক্ষা কলেজ, হালিশহর, চট্টগ্রামে অনুষ্ঠিত হবে। উল্লিখিত কোর্সে ১০০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করবেন।

উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য (কুমিল্লা, চট্টগ্রাম ও সিলেট অঞ্চলের সকল জেলা হতে) মাধ্যমিক স্কুল, মাদ্রাসা ও কারিগরি (ভোকেশনাল) কর্মরত বি.পি.এড প্রশিক্ষণ প্রাপ্ত শারীরিক শিক্ষার শিক্ষক/শিক্ষিকাগণ আগামী ৩০/০৪/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৫:০০টার মধ্যে নিম্নবর্ণিত গুগল লিংক ব্যবহার করে আবেদন করতে হবে;

গুগল লিংক : https://docs.google.com/forms/d/e/1FAIpQLSf4Y8B-ecYLTTrbiEJzdS5GLy-Phv7V_LMg87GL0isCFK4WXA/viewform?usp=preview

আবেদনের যোগ্যতা :

- ০১। সরকারি/বেসরকারি নিম্নমাধ্যমিক, মাধ্যমিক, মাদ্রাসা (দাখিল মদর), কারিগরি (ভোকেশনাল) প্রতিষ্ঠানের শারীরিক শিক্ষার শিক্ষক হতে হবে। সরকারি/এমপিও ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শারীরিক শিক্ষার শিক্ষক হতে হবে।
- ০২। বি.পি.এড প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে।
- ০৩। নিয়োগ এবং এমপিও ভুক্তির চাকুরি কাল ০৫ (পাঁচ) বছর হলে সে প্রশিক্ষণের যোগ্যতা অর্জন করবে।
- ০৪। বিগত সময়ে প্রশিক্ষণ নিলে তার আবেদন করার প্রয়োজন নাই।
- ০৫। প্রশিক্ষণার্থীর বয়স ৫০ (পঞ্চাশ) এর মধ্যে হতে হবে।
- ০৬। যে সকল মহিলা প্রশিক্ষণার্থীর ছোট বাচ্চা আছে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

নির্দেশনা :

০১.	প্রশিক্ষণার্থীগণের টি.এ/ডি.এ শারীরিক শিক্ষা বিভাগ বহন করবে।
০২.	আসার সময় বাস ও ট্রেনের টিকেট সংগ্রহ করে অবশ্যই টি.এ. বিলের সাথে জমা দিতে হবে।(এসি প্রযোজ্য নহে)
০৩.	প্রশিক্ষণার্থীগণকে কলেজে অবস্থানের জন্য প্রয়োজনীয় বিছানাপত্র (বালিশ, কাঁথা, তোষক, মশারি, বিছানার চাদর) অবশ্যই সঙ্গে আনতে হবে।
০৪.	প্রশিক্ষণার্থীদের প্রত্যেকের ০২টি পাসপোর্ট সাইজ ছবি সাথে করে নিয়ে আসতে হবে।
০৫.	প্রশিক্ষণার্থীকে ০১ (এক) জোড়া কেডস সঙ্গে করে নিয়ে আসতে হবে।
০৬.	মনোনীত প্রশিক্ষণার্থীদের প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ছাড়পত্র সঙ্গে নিয়ে আসতে হবে।

মনোনীত শিক্ষক/শিক্ষিকাগণকে পত্র দিয়ে জানানো হবে। আগামী ০৭/০৫/২০২৬ খ্রি. তারিখ বুধসপ্তিবার বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে চট্টগ্রাম সরকারি শারীরিক শিক্ষা কলেজ, হালিশহর, চট্টগ্রামে রিপোর্ট করতে হবে। যোগাযোগ : ০১৮১৯-৮৯৮৮৩৪।

✓ জেলা শিক্ষা অফিসার
কুমিল্লা, চট্টগ্রাম ও সিলেট শিক্ষা অঞ্চলের জেলা সমূহ।
(গুগল লিংক-এ আবেদন করতে হবে)

(প্রফেসর মো: শহিদুল ইসলাম)
উপপরিচালক (শারীরিক শিক্ষা)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

অনুলিপি অবগতি জন্য (ক্রমিক স্ফেটতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট অঞ্চল।
(তঁার আওতাধীন জেলা শিক্ষা কর্মকর্তাকে যথাযথ নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। অধ্যক্ষ, সরকারি শারীরিক শিক্ষা কলেজ, হালিশহর, চট্টগ্রাম।
- ৪। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট অঞ্চল।
- ৫। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম। (উক্ত কোর্সে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো)।
- ৬। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সংরক্ষণ নথি।

২২/০৪/২৬